


- নারায়ণগঞ্জে শীঘ্রই শুরু হচ্ছে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম
- মার্কিন রাষ্ট্রদূত ড্যান ডব্লিউ মজিনার কুমুদিনী সফর
- দানবীর রণদা প্রসাদ সাহা'র ১১৭তম জন্মজয়ন্তী পালিত
- বিজয়া খানের জন্য আশীর্বাদ কামনা
- শারদীয় দুর্গাপূজা উদযাপিত
- অস্ট্রেলিয় হাই কমিশনার এর কুমুদিনী পরিদর্শন
- মহান বিজয় দিবস উদযাপিত
- শুভ বড়দিন
- ভারতেশ্বরী হোমসে নবীনবরণ উৎসব
- কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের শিরাবরণ অনুষ্ঠান
- কুমুদিনী হাসপাতালের চিকিৎসা পরিসংখ্যান

- Ranada Prasad Shaha University Opens at Narayanganj Shortly
- US Ambassador Dan W. Mozena Visits Kumudini
- 117th Birth Anniversary of Ranada Prasad Shaha Celebrated
- Blessings Solicited for Bijoya Khan
- Durga Puja Celebrated
- Australian High Commissioner Visits Kumudini
- Victory Day Celebrated
- Happy Christmas
- Freshers' Reception at Bharatswari Homes
- Capping Ceremony at Kumudini Nursing School & College
- Kumudini Hospital Treatment Statistics

## নারায়ণগঞ্জে শীঘ্রই শুরু হচ্ছে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম

## Ranada Prasad Shaha University Opens at Narayanganj Shortly



Ranada Prasad Shaha University (RPSU) opening soon in the city of Narayanganj.

উচ্চশিক্ষা ক্ষেত্রে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট-এর নবতর সংযোজন হচ্ছে নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়। এটি হবে সরকারি কিংবা বেসরকারি খাতে নারায়ণগঞ্জের প্রথম বিশ্ববিদ্যালয়। ২০১৪ সালের প্রথমার্ধে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়টির কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের বাণিজ্যিক কর্মকান্ড পরিচালিত হয় নারায়ণগঞ্জে এবং শিক্ষা ও সমাজ সেবামূলক কর্মকান্ড পরিচালিত হয় টাঙ্গাইলের মির্জাপুরসহ দেশের বিভিন্ন স্থানে। এতোদিন পর্যন্ত নারায়ণগঞ্জে কুমুদিনীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে কোনো শিক্ষা বা সেবামূলক প্রতিষ্ঠান ছিলনা। যদিও কুমুদিনী খানপুরে হতদরিদ্র বালকদের জন্য ১৯৮৪ সাল থেকে একটি অবৈতনিক কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা করে আসছে। তাছাড়া নারায়ণগঞ্জে অবস্থিত ২০০ শয্যার আধুনিক হাসপাতালটি কুমুদিনীর দেয়া জমির ওপরই প্রতিষ্ঠিত। উল্লেখ্য, ১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধ চলাকালে সপত্র কুমুদিনীর প্রাণপুরুষ

Opening of Ranada Prasad Shaha University (RPSU) will be a new milestone in Kumudini's field of providing higher education to the public. This will be the first ever university both in public and private sector in the city of Naryanganj. The university is expected to start functioning in the first quarter of 2014.

Commercial activities of KWT are mostly concentrated at its premises at Naryanganj while social welfare and educational activities are pursued mostly at Mirzapur and other places. So far other than a Trade Training Institute for destitute

রণদা প্রসাদ সাহার হৃদয় বিদারক অন্তর্ধান নারায়ণগঞ্জকে নিয়ে তাঁর সকল স্বপ্ন ভঙুল করে দেয়। কিন্তু তাঁর পরবর্তী প্রজন্মের উত্তরসূরীরা শিক্ষানুরাগী ও সেবাব্রতী রণদা প্রসাদের কর্মকান্ড আরও সম্প্রসারণের ব্রত গ্রহণ করেছেন। বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের আশা-আকাঙ্ক্ষার সাথে সামঞ্জস্য রেখে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট দীর্ঘদিন যাবতই নারায়ণগঞ্জে নিজস্ব ক্যাম্পাসে যুগ উপযোগী আধুনিক কারিকুলাম সমৃদ্ধ একটি বিশ্বমানের বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা করে আসছিল। ট্রাস্টের দীর্ঘদিনের প্রচেষ্টা ও উদ্যোগ আর সকলের দোয়া-আশীর্বাদে ও সহযোগিতায় রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়টি এখন বাস্তবায়নের চূড়ান্ত পর্যায়ে।

বিশ্ববিদ্যালয়টিতে আপাতত চারটি অনুষদ থাকছে। এগুলো হচ্ছে স্কুল অব বিজনেস, স্কুল অব ইঞ্জিনিয়ারিং, স্কুল অব লাইফ সায়েন্সেস এন্ড হেলথ এবং স্কুল অব আর্টস এন্ড সোশ্যাল সায়েন্সেস। শীঘ্রই প্রাথমিকভাবে আন্ডারগ্রাজুয়েট কোর্সের ছয়টি কোর্সের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এগুলো হচ্ছে বিবিএ, বিএস কমপিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বিএস ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, বিফার্মা, বিএ ইংরেজি এবং এলএলবি ল এন্ড হিউম্যান রাইটস অনার্স কোর্স। যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে বিশেষজ্ঞ অধ্যাপকদের সহযোগিতায় এসব কোর্সের কারিকুলাম প্রণীত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নানামধ্য অধ্যাপক ডক্টর অমল কৃষ্ণ হালদার রণদা প্রসাদ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে যোগদান করছেন।

রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়-এ শিক্ষার মাধ্যম হবে আন্তর্জাতিক ভাষা ইংরেজি। বাংলা মাধ্যম থেকে আসা শিক্ষার্থীরা যাতে ইংরেজিতে বিশেষ দক্ষতা অর্জন করতে পারে সেজন্য সকল বিভাগের নিয়মিত কোর্সের সঙ্গে বিশেষজ্ঞ শিক্ষকের তত্ত্বাবধানে তাদের ইংরেজি ভাষায় দক্ষ করে তোলার জন্য বিশেষ ব্যবস্থা থাকবে। সকল বিষয়ের শিক্ষার্থীদেরই বিশ্বের চাহিদা অনুযায়ী নিজ নিজ বিষয়ে উপযুক্তভাবে গড়ে তোলা হবে।

বিশ্ববিদ্যালয়টি দেশের প্রধান নদীবন্দর নারায়ণগঞ্জে শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত হওয়ার কারণে এবং সড়ক, রেল ও নৌযোগাযোগের সুবিধার জন্য নারায়ণগঞ্জ জেলা ছাড়াও পার্শ্ববর্তী জেলাসমূহ বিশেষ করে মুন্সীগঞ্জ, নরসিংদী, চাঁদপুর, শরিয়তপুর, মাদারিপুর, বৃহত্তর বরিশাল, কুমিল্লা প্রভৃতি জেলার শিক্ষার্থীদের এখানে অধ্যয়নের জন্য অনেক সুবিধা হবে। ঢাকা ও ঢাকা শহরতলীতে বসবাসকারী শিক্ষার্থীরাও দৈনিক যাতায়াত করে এখানে পড়তে পারবে।

পাশ্চাত্যের উন্নত বিশ্ববিদ্যালয়ে সাথে রণদা প্রসাদ বিশ্ববিদ্যালয়-এর Credit Transfer-এর ব্যবস্থা থাকবে। এ ব্যাপারে ইউরোপ-আমেরিকার একাধিক বিশ্ববিদ্যালয়ের সাথে কর্তৃপক্ষের আলাপ আলোচনা চলছে। এসব বিশ্ববিদ্যালয়ের সঙ্গে Academic and Educational Co-operation বিষয়ে চুক্তিতে পৌঁছাতে পারলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী শিক্ষার্থীরা সব বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার জন্য পাশ্চাত্যের সেরা বিশ্ববিদ্যালয়ে সহজে অধ্যয়নের জন্য যেতে পারবে। এমনকি সে সব দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণও রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে এসে শিক্ষা বিষয়ক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবে।


boys which was set up in 1984, there has not been any formal educational institution run by KWT at Naryanganj. The 200 bed government owned Modern Hospital at Naryanganj is also set on land donated by KWT. The Trust has been involved with education since the early 1930s but with loss of its founder along with his only able son back in 1971 the pace of involvement in education as well as social welfare suffered a setback. Fortunately the successors of the founder have been able to carry forward the vision of its founder and set up Nursing College, Women's Medical College and other institutions after liberation of the country.

Since long the Trust has been planning to set up a modern university at Naryanganj fulfilling the aspiration of the present generation students. RPSU is being set up on around 17 acres of land owned by the Trust which is located along the bank of river Shitalakhya. Initially RPSU will have four schools under which will be the Departments of Business Administration, Computer Science & Engineering, Electrical & Electronics Engineering, Pharmacy, English and Law. It will be a co-educational institution where the medium of instruction will be English. RPSU will shortly be affiliated with renowned North American universities having the facility of credit transfer.

Having been set up in Naryanganj RPSU will be able to cater to the demand of the local students as well as those of surrounding districts. Prof Amal Krishna Halder PhD a professor of Mathematics of Dhaka University has consented to join as Vice Chancellor of RPSU. A panel of reputed and experienced teachers will be members of the teaching staff. Hopefully it will be an institution with a difference helping students unleash their potential and achieving their best.

## মার্কিন রাষ্ট্রদূত ড্যান ডব্লিউ মজিনার কুমুদিনী সফর

## US Ambassador Dan W. Mozena Visits Kumudini



US Ambassador Mr Dan W. Mozena accompanied by Mr. Rajiv Prasad Shaha, MD, KWT visiting a jute storage shed at Kumudini Complex, Narayanganj.

যুক্তরাষ্ট্রের মান্যবর রাষ্ট্রদূত ড্যান ডব্লিউ মজিনা সঙ্গীক গত ৪ সেপ্টেম্বর কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রধান কার্যালয় এবং এর বিস্তৃত কর্মকাণ্ড পরিদর্শনে নারায়ণগঞ্জস্থ কুমুদিনী কমপ্লেক্স সফর করেন। সফর সঙ্গীদেরসহ তাঁকে স্বাগত জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা। এ সময় উপস্থিত ছিলেন ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা, সাবেক রাষ্ট্রদূত জনাব আনোয়ার হাশিম, কমডোর (অব:) মোহাম্মদ ফারুক প্রমুখ।

মান্যবর রাষ্ট্রদূত ড্যান ডব্লিউ মজিনা ও সফর সঙ্গীগণ ট্রাস্টের প্রধান কার্যালয় ঘুরে ঘুরে দেখেন। এখানকার একটি কক্ষ থেকে দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর একমাত্র কর্মক্ষম পুত্র ভবানী প্রসাদ সাহাকে ১৯৭১ সালের ৭মে হানাদার বাহিনী ও তাদের এদেশীয় দোসররা অপহরণ করে। এরপর তাঁদের আর কোন খোঁজ পাওয়া যায়নি। কক্ষটি পরিদর্শনকালে মান্যবর রাষ্ট্রদূত তাঁদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি উল্লেখ করেন যে, অসহনীয় এই শোককে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট শক্তিতে রূপান্তর করেছে।

অতঃপর তিনি ও তাঁর সফরসঙ্গীগণ প্রথমে জুট বেলিং ও প্রেসিং মেশিন, অয়্যার হাউসসহ নারায়ণগঞ্জের খানপুরে কুমুদিনী কমপ্লেক্সের বিস্তৃত এলাকা ঘুরে দেখেন। তিনি ও তাঁর সফরসঙ্গীগণ শীতলক্ষ্যা নদীতে নৌ-ভ্রমণ করেন। তাঁরা কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রস্তাবিত ইনল্যান্ড কনটেইনার টার্মিনালের জন্য নির্ধারিত স্থানটিও পরিদর্শন করেন। পরে তিনি মহান মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত মা ও মেয়েসহ সমাজ সংসারের সুবিধা বঞ্চিত নারীদের আত্মকর্মসংস্থানে নিবেদিত কুমুদিনী হ্যাভিগ্রাফটস্ ইউনিটটি পরিদর্শন করেন।

মার্কিন রাষ্ট্রদূত ড্যান ডব্লিউ মজিনা জুট বেলিং ও প্রেসিং মেশিন ও অয়্যার হাউজগুলো পরিদর্শনকালে পাটের ব্যবহারের মাধ্যমে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রকৃতি ও পরিবেশ বান্ধব কার্যক্রমে অব্যাহত সমর্থন ও সহায়তা দেয়ার চলমান প্রক্রিয়ার ভূয়সী প্রশংসা করেন।

His Excellency Mr Dan W. Mozena the US Ambassador in Bangladesh accompanied by his wife visited the head office of KWT on 4 September at Khanpur, Naryanganj. The Ambassador and his entourage were received by Mr Rajiv Prasad Shaha the MD of KWT. Director of KWT Mrs Smriti Shaha, former Ambassador Mr Anwar Hashem and Commodore Farooque (Retd) were also present on the occasion.

His Excellency and the entourage went round different sections of the head office. He visited the room from which R P Shaha and his only able son were abducted. They never returned. The Ambassador paid rich tribute to the memory of the founder and his son. He was pleased to observe as to how Kumudini family had been able to overcome this loss and convert it into strength.

The Ambassador visited jute bailing press area, jute storage sheds and the proposed site of the

রাষ্ট্রদূত ও তাঁর সফরসঙ্গীগণ কুমুদিনী ইনল্যান্ড কনটেইনার টার্মিনালের প্রক্রিয়াধীন এলাকা ঘুরে দেখার সময় এ মর্মে অবহিত হন যে, টার্মিনালটি নৌপরিবহনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। নৌপথ পণ্য পরিবহনে সড়ক ও রেলপথের তুলনায় অনেক সাশ্রয়ী হবে। উপরন্তু যানজট, রাজনৈতিক অস্থিরতার জন্য উদ্ভূত সমস্যামুক্ত নৌপথ ব্যবহারে দেশমাতৃকা উপকৃত হবে। সর্বোপরি টার্মিনালটি পরিবেশ বান্ধব নৌপরিবহন ব্যবস্থায় গতিশীলতা আনয়নের মাধ্যমে দীর্ঘ মেয়াদী জাতীয় উন্নয়ন নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে। তিনি দেখে খুশি হন যে, ট্রাস্টের উপার্জনকারী প্রতিষ্ঠানগুলোও সেবার ধর্মকে ধারণ করছে।

নারায়ণগঞ্জ সফরকালে রাষ্ট্রদূতকে প্রস্তাবিত রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় সম্পর্কে অবহিত করা হয়। বিগত শতকের ত্রিশের দশক থেকে চলে আসা এর শিক্ষা কার্যক্রম সময়ের পরীক্ষায় উত্তীর্ণ। প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে রয়েছে ট্রাস্টের দীর্ঘ অভিজ্ঞতা। নারী শিক্ষা প্রতিষ্ঠান কুমুদিনী মহিলা কলেজ (১৯৪৩, বর্তমানে সরকারি) ও ভারতেশ্বরী হোমস (১৯৪৫) এবং সহ-শিক্ষা প্রতিষ্ঠান দেবেন্দ্র কলেজ (বর্তমানে সরকারি) ও স্বাধীনতা উত্তর কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজ, কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজ ট্রাস্টের অদম্য প্রয়াসের স্মারক। সময়ের দাবি ও ট্রাস্টের উদ্দেশ্যের প্রতিফলন হতে পারে মুক্তসমাজ, মুক্তজ্ঞান, মুক্ত বুদ্ধিচর্চার উৎস একটি উচ্চমান সম্পন্ন বিশ্ববিদ্যালয়ে। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতার চেতনা ও লালিত ইচ্ছার আলোকে মানসম্পন্ন গণমুখী উচ্চ শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে প্রস্তাবিত রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে।

রাষ্ট্রদূত গত বছরের ডিসেম্বরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মির্জাপুর ইউনিট পরিদর্শনের স্মৃতি রোমন্থন করেন। সেখানকার কুমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোমস (স্কুল ও কলেজ), কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজ, কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজের অনন্য ব্যবস্থাপনার কথা স্মরণ করে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের সফল বাস্তবায়ন কামনা করেন। রাষ্ট্রদূত মজিনা ইনল্যান্ড কনটেইনার টার্মিনাল-এর মত ব্যয়বহুল প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে যুক্তরাষ্ট্র সরকার, প্রতিষ্ঠান ও জনগণের সহায়তা ও সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি শ্রমজীবী মানুষ, দেশের অবহেলিত ও বঞ্চিত নারী সমাজের শিক্ষা ও স্বাবলম্বন প্রক্রিয়ায় ট্রাস্টের অব্যাহত প্রয়াসকে মহৎ ও অনুকরণীয় হিসাবে উল্লেখ করেন।

Inland Container Port. He was pleased to note Kumudini's contribution to the conservation of nature and environment through promoting the usage of natural fiber like jute. While visiting the Container Port site he was briefed on the positive impact that the port would have on river transportation. The port when in operation would remarkably bring down the cost of transporting cargo from Chittagong to Dhaka in addition to reducing the road traffic congestion. He was also happy to note that KWT was setting up a university at Naryanganj named Ranada Prasad Shaha University (RPSU). The Ambassador assured of his support in setting up the Inland Container Terminal and the University. He also went round the Kumudini Handicrafts unit area and saw for himself how Kumudini had been able to rehabilitate the destitute women and girls affected in the War of Liberation.

Later on the Ambassador and his entourage were taken on a river cruise on the river Shitalakhya.



Blood donation programme organized at the Kumudini Hospital on the 117<sup>th</sup> birth anniversary of Ranada Prasad Shaha.

## দানবীর রণদা প্রসাদ সাহার ১১৭তম জন্মজয়ন্তী পালিত

## 117th Birth Anniversary of Ranada Prasad Shaha Celebrated



Celebrating 117th birth anniversary of great philanthropist Ranada Prasad Shaha.

গত ১৩ নভেম্বর উদ্ধব একাদশী তিথিতে মির্জাপুরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার ১১৭তম জন্ম উৎসব মহাসমারহে উদযাপন করা হয়।

এ উপলক্ষে কুমুদিনী কমপ্লেক্স (মির্জাপুর)-এ দিনব্যাপী নানা অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। কৃতী এ বঙ্গসন্তানকে স্মরণ করতে ঐদিন বিকাল ৩টায় মির্জাপুর গ্রামে রণদা নাটমন্দিরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই মহতী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রণদা প্রসাদ সাহার একমাত্র পৌত্র কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিস প্রতিভা মুৎসুদ্দি, পরিচালক (শিক্ষা), কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট। অনুষ্ঠানে দানবীর রণদা প্রসাদ সাহার কর্মময় জীবনের নানা দিক নিয়ে আলোচনা করা হয়। এতে বক্তব্য রাখেন সাবেক পৌর মেয়র অ্যাডভোকেট মোশারফ হোসেন মনি, প্রভাষক শিবপদ ঘোষ, সাংবাদিক দুর্গভ বিশ্বাস প্রমুখ।

মির্জাপুর গ্রামবাসী দিবসটি উপলক্ষে রণদা প্রসাদের প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পণ করেন। এদিন সকাল ৭ টায় ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা সঙ্গীত পরিবেশনের মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে। উল্লেখ্য, তিনি ছাত্রী ও পরিচিতজনদের কাছে জেঠামনি হিসেবে অধিক পরিচিত ছিলেন। এ অনুষ্ঠানে তাদের প্রাণপ্রিয় জেঠামনির পছন্দের গান পরিবেশন করা হয়। এর আগের রাতে ছাত্রীরা লৌহজং নদীর পাড়ে অবস্থিত জেঠামনির বাড়ি ও নাটমন্দির প্রাক্ষণ দৃষ্টি নন্দন আলপনায় ও ফুলে ফুলে সাজিয়ে তোলে। এমনতর পরিবেশে সঙ্গীতের সুর-মূর্ছনায় এক নৈসর্গিক পরিবেশ সৃষ্টি হয়। প্রভাতী সঙ্গীতাজলি অনুষ্ঠানে পরিবারের সদস্যদের সঙ্গে উপস্থিত ছিলেন কুমুদিনী কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রী-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এবং মির্জাপুর গ্রামবাসী।

সকাল ১১টায় মহিলা কুমুদিনী মেডিকেল কলেজ এন্ড হাসপাতালের ছাত্রীরা এ উপলক্ষে রক্তদান কর্মসূচি পরিচালনা করেন। কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা এ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। এ সময় উপস্থিত ছিলেন মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এম এ হালিম এবং অন্যান্য শিক্ষক ও ডাক্তারবৃন্দ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালিত হয় কুমুদিনী হাসপাতালের পরিচালক ডাক্তার দুলাল চন্দ্র পোদ্দারের তত্ত্বাবধানে। সন্ধ্যা ৬ টায় কুমুদিনীর সকল শ্রদ্ধা ও ভালবাসার আকর প্রাণপ্রিয় জেঠামনির প্রতি সম্মান জানাতে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শন করে। এতে সালাম গ্রহণ করেন কুমুদিনী ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক। ছাত্রীদের পরিবেশিত 'ও আলোর পথ যাত্রী' শীর্ষক ফিল্ড ড্রামায় ফুটে ওঠে সংগ্রামী রণদা প্রসাদ সাহার জীবনের

The 117th birth anniversary of the great philanthropist Rai Bahadur R P Shaha was celebrated on the 13th of November 2013.

On this occasion a day long programme was arranged at Kumudini Complex, Mirzapur. In remembrance of this great son of the soil a discussion meeting was held at the temple in the village of Mirzapur in the afternoon. The meeting was presided by Mr Rajiv Prasad Shaha the only grandson of R P Shaha who is also the Managing Director of KWT. Ms Protiva Mutusuddy Director (Education) of KWT was the special guest on the occasion. Life and works of R P Shaha was discussed in the meeting. Former Municipality Mayor Advocate Mosharrarf Hossain Moni, Lecturer Shivpada Ghosh and Journalist Durlav Bishwas also spoke.

On the occasion villagers of Mirzapur placed floral wreaths at the portrait of R P Shaha. In the morning students of Bharateswari Homes paid their respect by singing songs liked by R P Shaha. Students, teachers, officers and employees, villagers of Mirzapur joined in the morning prayers along with the members of R P Shaha's family.

Students of Kumudini Medical College arranged blood donation programme in the morning. The Principal of the Medical College Prof M A Halim along with the teachers were present. The overall



Distribution of improved diet to the patients undergoing treatment at Kumudini Hospital.

সংক্ষিপ্ত চিত্র। সবশেষে একটি সমবেত প্রার্থনা অনুষ্ঠিত হয়। মোমের আলোক সজ্জায় সমগ্র অনুষ্ঠানটি এক অন্য রকম মাত্রায় পৌঁছায়।

জেঠামনির স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বক্তব্য রাখেন অধ্যক্ষা প্রতিভা মুৎসুদ্দি ও শ্রী রাজীব প্রসাদ সাহা। ভারতেশ্বরী হোমসের ছাত্রী সংসদের সাহিত্য বিভাগ জেঠামনির স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে একটি দেয়াল পত্রিকা প্রকাশ করে। দিনটি উপলক্ষে দুপুরে কুমুদিনী হাসপাতালের রোগীদের উৎসব খাবার পরিবেশন করেন জেঠামনির পুত্রবধু মিসেস শ্রীমতী সাহা। এ সময় তাঁকে সহযোগিতা করেন শ্রী রাজীব প্রসাদ সাহা, ডাক্তার দুলাল চন্দ্র পোদ্দার, অধ্যক্ষা প্রতিভা মুৎসুদ্দি ও কর্মকর্তাবৃন্দ।

programme was supervised by Dr Dulal Chandra Poddar the Director of the Hospital. A march past and physical display by the students of Bharateswari Homes took place at 6 in the evening where Mr Rajiv Prasad Shaha took salute. On this occasion improved diet was served to the patients at the hospital by Mrs Srimati Shaha the daughter in law of R P Shaha. She was assisted by Mr Rajiv Prasad Shaha, Dr Dulal Poddar, Principal Protiva Mutusuddy and other officers.

## বিজয়া খানের জন্য আশীর্বাদ কামনা

## Blessings Solicited for Bijoya Khan



Mrs Bijoya Shawkat Ali Khan

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক মিসেস বিজয়া শওকত আলী খানের জন্ম ১৯২২ সালে। তিনি দানবীর রণদা প্রসাদ সাহার জ্যেষ্ঠ কন্যা। পিতার জনসেবামূলক কর্মযজ্ঞে তিনি সর্বদা নিজেস্ব সক্রীয়ভাবে সম্পৃক্ত রেখেছেন। বার্ষিক্যজনিত কারণে বর্তমানে তিনি শয্যাশায়ী। কুমুদিনী পরিবারের পক্ষ থেকে তাঁর রোগমুক্তির জন্য সকলের আশীর্বাদ কামনা করছি।

Mrs Bijoya Shawkat Ali Khan, one of the Directors of Kumudini Welfare Trust, was born in 1922. Mrs Bijoya Khan, the eldest daughter of Ranada Prasad Shaha, was all along beside her father playing a vital role in his philanthropic activities. This active lady is now bed-ridden due to old age complications. Members of Kumudini family solicit blessings of all for her recovery from illness.

## শারদীয় দুর্গাপূজা উদযাপিত

## Durga Puja Celebrated



Devotees, artists and members of Kumudini family during Durga Puja festival at the ancestral house of R P Shaha.

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সারা দেশের মতো মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্স উৎসবের আনন্দে মেতে ওঠে। দেবীবোধনের মাধ্যমে ১০ অক্টোবর থেকে দুর্গাপূজার মূল আনুষ্ঠানিকতা শুরু হয়। ১৪ অক্টোবর বিজয়া দশমী ও প্রতিমা নিরঞ্জনের মধ্যে দিয়ে পাঁচ দিনব্যাপী দুর্গাপূজার সমাপ্তি ঘটে।

ষোড়শ শতকে বাংলাদেশের রাজশাহী জেলার তাহিরপুরে রাজা কংস নারায়ণ সর্বপ্রথম শারদীয় দুর্গাপূজা উদযাপন করেন। সেই থেকেই ধীরে ধীরে শারদীয় উৎসবটি এদেশে পারিবারিক কিংবা সার্বজনীন পূজায় রূপ নেয়। মির্জাপুরে দানবীর রণদা প্রসাদ সাহা প্রবর্তিত পূজাটি কুমুদিনী কল্যাণ সংস্থার উদ্যোগে অনুষ্ঠিত হলেও উৎসাহ উদ্দীপনায় এটি সার্বজনীন। লৌহজং নদীর দক্ষিণপাড়ে স্থাপিত সুন্দর শ্বেত পাথরের মন্ডপে অনুষ্ঠিত এ পূজা অনুষ্ঠানে প্রতি বছর দেশী-বিদেশী শত শত দর্শনার্থীর ভিড় জমে ওঠে।

সকল গোত্রের পূজারী ও ভক্তবৃন্দের জন্যই পূজা মন্দিরটি উন্মুক্ত থাকে। পূজা উপলক্ষে জীবদ্দশায় রণদা প্রসাদ সাহা দরিদ্রদের মধ্যে নিজ হাতে বস্ত্র বিতরণ করতেন। সে ধারাবাহিকতা আজও বজায় রেখেছেন তাঁর পরিবার। আজও পূজার চারদিন ভক্তদের মধ্যে প্রসাদ বিতরণের ঐতিহ্যবাহী ধারাটি অব্যাহত রয়েছে। অতীত দিনের মতো আজকাল বিখ্যাত নাট্য কোম্পানি পরিবেশিত যাত্রা বা অপেরার আয়োজন না থাকলেও আজও কুমুদিনী পরিবারের শারদীয় উৎসবকে ঘিরে বঙ্গ সংস্কৃতির যে পুনর্জাগরণ ঘটে তাও উল্লেখ করার মতো। উৎসবের প্রতিটি সন্ধ্যায় মন্ডপ প্রাঙ্গণ মুখরিত থাকে নির্বাচিত শিল্পীদের ভক্তিমূলক সঙ্গীত-নৃত্য পরিবেশনায়। এবারের উৎসবেও তার ব্যতিক্রম ঘটেনি।

Durga Puja - the most important festival of the year for the Hindu community was observed with due fervor at Kumudini Complex at Mirzapur. The 5 day long Puja celebration began on 10 October and ended on 14 October with the immersion of the idol in the river. In the 16th century Raja Kansho Narayan of Tahirpur in Rajshahi celebrated Durga Puja for the first time. Since then this festival is being celebrated at family level and in general in our country.

Though the celebration of this Puja at Mirzapur Complex was introduced by R P Shaha it slowly evolved into a family and general celebratory occasion. During Puja R P Shaha used to hand out clothes to the poor. This tradition is still being maintained by the Kumudini family. As in the past the tradition continues but in some cases it is not celebrated in as grand a scale as used to be done before. Nevertheless Durga Puja occasion brings in joy and happiness for the people of Mirzapur.

## অস্ট্রেলিয় হাই কমিশনার এর কুমুদিনী পরিদর্শন

## Australian High Commissioner Visits Kumudini



Australian High Commissioner in Bangladesh Mr Greg Wilcock and his wife are being received by the Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha at Mirzapur Complex.

গত ১০ অক্টোবর বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয় হাই কমিশনার মি.গ্রে উইলকক সস্ত্রীক মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শনে আসেন। কুমুদিনী কমপ্লেক্সে পৌঁছালে তাঁদের পুষ্পস্তবক দিয়ে স্বাগত জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা। কুমুদিনীর কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ, পূজা মন্দির ও ভারতেশ্বরী হোমস প্রাঙ্গণে কিছু সময় কাটান এবং ছাত্রী-শিক্ষকবৃন্দের সঙ্গে পরিচিত হন। এ সময় হাই কমিশনার তাঁর অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। পূজা ও ঈদ উৎসব উদ্‌যাপনকালে এক ধর্মের মানুষ অন্য ধর্মের মানুষকে যেভাবে সহযোগিতা করে তা দেখে আমি মুগ্ধ। কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শনকালে অসাম্প্রদায়িক চেতনার মানুষদের প্রত্যক্ষ করে তাঁর এই মুগ্ধতার মাত্রা আরও বেড়ে যায় বলে তিনি জানান।

On 10 October 2013 His Excellency the Australian High Commissioner Mr Greg Wilcock accompanied by his wife visited Kumudini Complex at Mirzapur. On arrival the guests were received with flower bouquet by Mr Rajiv Prasad Shaha the MD of KWT. Officers of KWT were present on the occasion. The guests went round the Hospital, Medical College, Nursing School & College, Bharateswari Homes and Puja Temple. They met the students and teachers and exchanged views. The High Commissioner was pleased to observe the social harmony among people of different faith that exists in Bangladesh. He was happy to note the cooperation among the people during Eid and Puja celebration. Kumudini is an example of social harmony where people from different faiths coexist happily.

## মহান বিজয় দিবস উদ্‌যাপিত

মহান বিজয় দিবস বাঙালি জাতির এক গৌরবময় অধ্যায়। প্রতি বছর কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়। এবারও হয়েছে। এ উপলক্ষে ১৬ ডিসেম্বর মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের প্রধান ফটকে সকাল ৭টায় জাতীয় পতাকা উত্তোলন করেন কুমুদিনী হাসপাতালের ডেপুটি মেডিকেল সুপারিটেনডেন্ট ডা. পি কে রায়। এ সময় হাসপাতালের ডাক্তার, সিস্টার, কর্মকর্তা, কর্মচারী ও রোগিবৃন্দ উপস্থিত ছিলেন। পতাকা উত্তোলনের পর সমাবেশে কয়েকটি দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীবৃন্দ। ভারতেশ্বরী

## Victory Day Celebrated

Victory Day is a proud occasion for the nation. Every year KWT celebrates this day with due respect on 16 December. On this occasion the national flag was hoisted at the main gate of the hospital at 7 in the morning by Dr P K Roy the Deputy Medical Superintendent of Kumudini Hospital. Doctors, nurses, officers, employees and patients were also present. After the flag raising patriotic songs were rendered



Students of Bharateswari Homes rendering patriotic songs in observance of the Victory Day.

হোমসেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। সকাল ৮টায় ভারতেশ্বরী হোমসের শহীদ মিনার চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করেন ভাষা সৈনিক মিস প্রতিভা মুৎসুদ্দি। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন হোমসের অধ্যক্ষা প্রতিভা হালদার ও উপাধ্যক্ষ মো. গোলাম কিবরিয়া। এ সময় জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। মুক্তিযুদ্ধের বীর শহীদ ও মুক্তিকামী প্রতিটি নাগরিকের প্রতি শ্রদ্ধা নিবেদন করে ছাত্রীরা দেশাত্মবোধক গান পরিবেশন করে। এছাড়া ক্ষুদ্রে সাহিত্যিকদের কবিতা ও রচনায় প্রকাশিত হয় দেয়াল পত্রিকা 'জগত স্বাধীনতা।' মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন হোমসের অধ্যক্ষা এবং উপাধ্যক্ষ। এছাড়া বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা অধ্যাপক ঘোষ অমলেন্দু ও ডাক্তার পি কে রায়।

প্রধান অতিথির বক্তব্যে মিস প্রতিভা মুৎসুদ্দি বাঙালির স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং জাতির

by the students of Nursing School & College. The students of Bharateswari Homes also celebrated the occasion. At 8 in the morning the national flag was raised at the Shaheed Minar of Bharateswari Homes by participant of language movement Ms Protiva Mutussudy who is also one of the Directors of KWT. At this time the national anthem was also played.

The Principal and Vice Principle of Homes spoke on the occasion highlighting the importance of the Victory Day. Freedom fighter Prof Ghosh Amalandu and Dr P K Roy also spoke.

শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, যাদের আত্মদানে আমরা পেয়েছি একটি প্রাণময় সুন্দর দেশ, যারা মাতৃভূমির জন্য মৃত্যুকে করে তুলেছিলেন জীবনের চেয়েও প্রয়োজনীয় তাদের সেই জীবন দান সার্থক করে তোলার দায়িত্ব বর্তমান প্রজন্মের উপর। ছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, শহীদের রক্তে স্নাত বাংলার মাটিতে তোমরা বিজয়ের প্রেরণায় উদ্দীপ্ত হয়ে ওঠো।

মহান বিজয় দিবস উপলক্ষে কুমুদিনী হাসপাতালসহ সকল প্রতিষ্ঠান নানা রং এর পতাকা ও আলোকসজ্জায় সেজে ওঠে। এ উপলক্ষে প্রতিষ্ঠানগুলোতে উৎসব খাবার পরিবেশন করা হয়।

## শুভ বড়দিন

সারা বিশ্বের খ্রিস্টান ধর্মালম্বীদের মতো সকল ধর্মের মিলন কেন্দ্র কুমুদিনী কমপ্লেক্সে গত ২৫ ডিসেম্বর এখানকার খ্রিস্টান সম্প্রদায় প্রতি বছরের মতো এবারও যথাযোগ্য মর্যাদা ও পবিত্রতার সাথে শুভ বড়দিন পালন করেন। এ উপলক্ষে শুভেচ্ছা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা।

দুই সহস্রাব্দিক বছর আগে এই দিনে খ্রিস্ট ধর্মের প্রবর্তক মহামানব যিশু জন্মগ্রহণ করে। হিংসা-বিদ্বেষ, অন্যায়-অত্যাচার ও পাপাচারে নিমজ্জিত মানুষকে সুপথে আনার জন্যই পৃথিবীতে যিশুর আবির্ভাব। এই দিনটিই বড়দিন। আকারে নয়, মাহাত্ম্যের জন্য দিবসটিকে বড়দিন হিসেবে অভিহিত করা হয়। যিশুর জন্মদিনটি সমগ্র মানবজাতির জন্যই একটি উল্লেখযোগ্য ঘটনা।

এই পুণ্য দিবসটি উদ্‌যাপন উপলক্ষে কমপ্লেক্সের গির্জাটি সাজানো হয় খ্রিস্টমাস ট্রি ও নানা অনুষ্ঠান দিয়ে, করা হয় আলোকসজ্জা। ২৪ ডিসেম্বর গির্জায় কীর্তন ও প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। ২৫ ডিসেম্বর রাতে ফাদার ফ্রাঙ্ক-এর পরিচালনায় শান্ত সৌম্য পরিবেশে মিশা (Mass) অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় এ উপলক্ষে উৎসব কেক কাটা হয়। এ সময় কীর্তন পরিবেশন করেন কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের খ্রিস্টান ছাত্র-ছাত্রীবৃন্দ। এ উপলক্ষে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা সিস্টার অর্পিতা রোজারিও সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, 'এ দিনের কর্মসূচি শুধু আনন্দ উৎসবের মধ্যেই সীমাবদ্ধ নয়, মানুষের মাঝে যিশুর শান্তির বাণী ছড়িয়ে দেবারও দিন এটি। এই পবিত্র দিনে পৃথিবী জুড়ে ভালবাসার বিস্তার ঘটুক, মানুষের মাঝে ফিরে আসুক শান্তি ও সম্প্রীতি।'

The chief guest on the occasion Ms Protiva Mutu-suddy mentioned of the sacrifices made by the nation and highlighted the contribution of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman.

On the occasion the Hospital Complex was decorated with colourful flags and festoons. Improved diet was also served in all the institutions in the complex.

## Happy Christmas



The birth of Jesus Christ for the well-being of mankind.

Along with the Christian community all over the world the followers of Christianity in Kumudini Complex celebrated Happy Christmas on 25 December with joy and happiness. On this occasion the MD of KWT Mr Rajiv Prasad Shaha conveyed his good wishes to all.

On this day 2000 yrs ago the founder of Christianity was born. Christ arrived in this world to get mankind rid of all injustice, hatred and crime. This is Christmas Day – a day important for all mankind.

On this occasion the church inside the Complex was decorated with Christmas Tree and lights. On 24 December prayer meeting was held in the church. A cake was cut at 10 in the morning. Christian students of Kumudini Nursing School & College sang hymn. Principal of Nursing School & College Sister Arpita Rozario conveyed her good wishes to all and said 'this day should not remain confined in joy and celebration only but should be an occasion of passing on the message of peace, love and harmony to all mankind'.

ভারতেশ্বরী হোমসে  
নবীনবরণ উৎসব

Freshers' Reception at  
Bharateswari Homes



Mrs Protiva Halder, Principal of Bharateswari Homes, speaking at the Freshers' Day celebration of first year college students.

নারী জাগরণের অন্যতম শিক্ষা বিদ্যাপীঠ ভারতেশ্বরী হোমসের একাদশ শ্রেণির ছাত্রীদের নবীনবরণ গত ২৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে হোমসের ছাত্রীরা আয়োজন করে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার।

সন্ধ্যা ৭টায় পিপিএম মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করে ছাত্রী সংসদ। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাষা সৈনিক ও একুশে পদকপ্রাপ্ত মিস প্রতিভা মুৎসুদ্দি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ছাত্রী সংসদের সহ-সভানেত্রী শিরিন জামান, ভারতেশ্বরী হোমসের ভাইস প্রিন্সিপাল মো. গোলাম কিবরিয়া, প্রিন্সিপাল প্রতিভা হালদার। প্রধান অতিথির বক্তব্যে মিস প্রতিভা মুৎসুদ্দি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, 'দানবীর রণদা প্রসাদ সাহা সেই যুগে উপলব্ধি করেছিলেন শিক্ষা ও ক্ষমতায়ন ছাড়া অবহেলিত নারী সমাজের মুক্তির কোন পথ নেই। তিনি বিশ্বাস করতেন শিক্ষিত স্বাবলম্বী মা-ই উপহার দিতে পারে শিক্ষিত পরিবার, আলোকিত সমাজ তথা উন্নত জাতি। সেই বিশ্বাসের বাস্তব রূপায়ণ ভারতেশ্বরী হোমস। তোমরা এই প্রতিষ্ঠানের ছাত্রী। জেঠামনির আদর্শের পতাকাবাহী হয়ে এগিয়ে যাও, এই শুভ কামনা করি।'

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ভারতেশ্বরী হোমসের শিক্ষক শিক্ষিকাবৃন্দ।

Bharateswari Homes can be considered a cradle of female education in the country. The students of Class-XI were accorded a freshers' reception on 27 September 2013. A colourful cultural evening was arranged on this occasion.

The students union arranged this show at the PPM auditorium at 7 in the evening. Recipient of Ekushe Padak Ms Protiva Mutusuddy was the chief guest at the ceremony. Those who spoke on the occasion were the Vice President of Student Union Shireen Zaman, Vice Principal of Bharateswari Homes Mr M Golam Kibria and Principal Protiva Halder. At her speech as the chief guest Ms Protiva Mutusuddy said that R P Shaha realized that without education and empowerment of women would not be able to achieve freedom. He believed that only an educated lady would be able to offer a educated family, enlightened society and in turn a developed nation. Bharateswari Homes is the result of that belief. She asked the students to march forward with the principles of R P Shaha and wished them good luck.

## কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের শিরাবরণ অনুষ্ঠান

প্রতি বছরের মতো এবারও গত ১ নভেম্বর এক আড়ম্বরপূর্ণ আয়োজনে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীদের শিরাবরণ প্রদান ও নির্মলা এ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে ঐদিন বিকাল ৫টায় কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ফাদার হেমন্ত পিউস রোজারিও সিএসসি। অনুষ্ঠানে কুমুদিনী নার্সিং স্কুলের ডিপ্লোমাদারী

## Capping Ceremony at Kumudini Nursing School & College

Like all other years Capping and Nirmala Award Ceremony was arranged at Kumudini Nursing School & College on 1st November 2013. On this occasion a programme was arranged at 5 in the evening at Ananda Niketan auditorium of Kumudini Complex. The chief guest at the ceremony was Father Piush Rozario, csc. Principal of Nursing



Students of Kumudini Nursing School and College participating in Nursing Capping Ceremony 2013 held at Ananda Niketan auditorium.

৪৪, নার্সিং কলেজের বিএসসি ডিগ্রীপ্রাপ্ত ২৯ এবং মিডওয়াইফারী বিভাগের ১৭ ছাত্রীকে শিরাবরণ প্রদান করা হয়। নবাগত ছাত্রীরা মোমবাতি হাতে আধুনিক নার্সিং-এর প্রতিষ্ঠাতা ফ্লোরেন্স নাইটিংগেলের শপথ বাণী পাঠ করেন। শপথ বাণী পাঠ করান নার্সিং স্কুলের ভাইস প্রিন্সিপাল শেফালী সরকার। 'আমি এক সেবিকা, সেবাই তো আমার ধর্ম' ছাত্রীদের এই গান পরিবেশনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের প্রথম পর্ব শেষ হয়।

দ্বিতীয় পর্বে নার্সিং স্কুল এন্ড কলেজের ভাল ফলাফলের জন্য ছাত্রীদের ও হাসপাতালের উত্তম কর্মীদের মধ্যে নির্মলা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এ্যাওয়ার্ডপ্রাপ্ত সিনিয়র নার্সরা হচ্ছেন সারা কেয়া বেপারী, মো: সাইফুল ইসলাম ও শিরিন আকতার। এ্যাওয়ার্ডপ্রাপ্ত জুনিয়র নার্সরা হচ্ছেন মমতা হালদার ও জুবলি বড়ুয়া। নার্সদের মধ্যে উত্তম ছাত্রীর মর্যাদা পেয়েছেন চুমকি রানী দাস, পপি মন্ডল, শিরিন খাতুন, মাধবী রানী মন্ডল, জুঁইরানী, যুথিকা রোজারিও এবং সীমা বেগম। অনুষ্ঠানে সিস্টার নির্মলা সম্পর্কে স্মৃতিচারণ করেন

School & College Sister Arpita Rozario delivered the welcome address. Caps were handed over to 44 Diploma holders of Kumudini Nursing School, 29 BSc degree holders of Nursing College and 17 students of Midwifery Department. With candles in hand the new students read out the oath set forth by Florence Nightingale. The Vice Principal of Nursing School Shefali Sarker administered the oath. The 1st part of the programme ended with the song "I am a nurse, nursing is my faith".

In the 2nd part of the programme Nirmala Award was handed over to those students who had done well in exam and the devoted workers. The award winning senior nurses are: Sara Keya Bepari, Md Saiful Islam and Shireen Akhtar. The award winning junior nurses are: Momota Halder and Jublee Barua. Those nurses who were adjudged as best students are:

মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্সের প্রশাসক মিস প্রতিভা মুৎসুদ্দি। তিনি বলেন, বাল্য বিধবা নির্মালা খুব অল্প বয়সে রোগীদের সেবা করতে কুমুদিনী হাসপাতালে যোগ দেন। রোগীদের প্রতি তাঁর মাতৃসুলভ আচরণ ও নিষ্ঠার জন্য তিনি সকলের কাছে সুপরিচিত ছিলেন। তিনি এই প্রতিষ্ঠানে দানবীর রণদা প্রসাদ সাহার সঙ্গে থেকে কাজ শেখার সুযোগ পান। তিনি তাঁর সারাজীবনের সঞ্চয় দান করে দেন সেবিকাদের কল্যাণে। সাফল্য অর্জনকারী ছাত্রীদের হাতে এ্যাওয়ার্ড তুলে দেন মিসেস শ্রীমতী সাহা, পরিচালক, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ফাদার হেমন্ত পিউস রোজারিও বলেন, 'সেবা একটি মহৎ পেশা। রোগীদের যত্নের পাশাপাশি সেবক ভাইবোনদেরও শারীরিক, মানসিক এবং আধ্যাত্মিকভাবে যত্নশীল হতে হবে। আজ যারা শিরাবরণ পেলেন তাদের জীবনে বয়ে আসুক অনাবিল শান্তি, আনন্দ ও ভালবাসা।'

এর আগে সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা সিস্টার অর্পিতা রোজারিও।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, কুমুদিনী হাসপাতালের কর্মকর্তা ও চিকিৎসকবৃন্দ। এ উপলক্ষে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেন।

Chumki Rani Das, Popy Mondol, Shireen Khatun, Madhabi Rani Mondol, Jui Rani, Juthika Rozario and Shima Begum. Administrator of Kumudini Complex Ms Protiva Mutussudy delivered a remembrance lecture on Sister Nirmala. She said, Nirmal who was married off at a very early age joined Kumudini Hospital as a nurse at her young age. She was very much liked by the patients for good manners and gentle behavior. She was trained by R P Shaha himself. She donated all her life's savings for the welfare of the nurses. Director KWT Mrs Smriti Shaha handed over awards to the successful nurses.


The chief guest of the occasion Father Hemant Piush Rozario said 'Nursing is a noble profession. In addition to nursing the patients the nurses have to be more aware of physical, mental and spiritual aspects. Those who received the caps may have peace, love and happiness in their lives'.

The function was attended by students of educational institutions in Kumudini Complex, teachers, officers and doctors of Kumudini Hospital. A cultural show was arranged by the students of Nursing School & College.



Chief guest of the Capping Ceremony Father Hemanta Piush Rozario, csc is seen capping the students of Kumudini Nursing School & College.

## Seminar at Mirzapur



Prof. Dr. Md. Abdul Halim, Principal, Kumudini Women's Medical College (KWMC) speaking as chief guest in a seminar held on 17 Sept., 2013 at BP Pati Hall of the college. Speakers in the seminar were Dr. A M Shafique and Dr. Md. Rashid Un Nabi from United Hospital Ltd., Dhaka who spoke on Updates in Cardiology and Recent Advances in Oncology respectively. Special guests were Prof. Dr. M A Jalil, Prof. Dr. M Zahangir Kabir and Prof. Dr. Kh. Shahnewaz of KWMC. The seminar was held under the chairmanship of Dr. Dulal Chandra Podder, Director, Kumudini Hospital.

## Visit to India



A group of one hundred youths from different parts of Bangladesh went on a weeklong courtesy visit to India from 21-28 October, 2013 at the invitation of the Indian government. Eight members from different units of Kumudini Welfare Trust were also included in the team. They are (from left) Lipi Akter, Hazera Khatun, Setu Saha, Nipa Razario, Dr. Shamsunnahar, Monika Devi, Apu Bishwas and Prynka Barua.

## চিকিৎসা পরিসংখ্যান

সেপ্টেম্বর-ডিসেম্বর ২০১৩

## Treatment Statistics

September-December 2013

### টিকাদান কর্মসূচী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
প্যান্টাভ্যালেন্ট	২৭৬	৩২২	৩০৩	২৪০
পোলিও	৩৭৬	০	৪০৯	২৪০
টি.টি.	১৪১	৪৯	৯২	৭২
মিজেলস	৬২	৩৭	৫০	৫৩
বি.সি.জি	১২৯	১৩০	১৩৪	১০১
রুবেলা	১০০	৭৯	১০৬	৬৬
ভিটা-এ কাপ	০	৫১	০	২৬

### হাসপাতালে ভর্তিকৃত রোগী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
ভর্তি	৩৪৫৫	২৯১৬	৩৩৭৯	২৯৭১

### বহির্বিভাগে মোট রোগী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
	২০৩২২	১৭০৯১	১৮৫৮৯	১৬৬৭০

### হাসপাতালে মৃত্যু

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
	৪৮	৫৪	৫৫	৫০

### অপারেশন

#### সার্জারী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৫২	২৬	৩২	২৯
মাইনর	৪৭	১২	৫১	৪৮

#### অর্থোপেডিক্স

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৩০	২২	৩০	২৮
মাইনর	৬৭	৮০	৮৩	৭৯

#### ই.এন.টি.

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৩৫	১১	৩০	২৫
মাইনর	১২	৫	৬	৩

#### গাইনি

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৩৩	২১	৩৫	২৯
মাইনর	৩৪	১৭	৪৭	৩৫

#### অবসট্রিট্রিক্স

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৯৪	১১২	১৪১	১৩৫
মাইনর	১২৯	১৫০	১৫৭	১৪৯

#### চক্ষু শিবির

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
চক্ষু অপারেশন				
সর্বমোট	৪৩৪	১৪৬	৩০৭	২৯৯

#### দন্ত

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
অপারেশন দন্ত				
মেজর	২৮	১০	২৬	২০
মাইনর	৭৪	৬৩	১৩	১০

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মাইনর অপারেশন				
বহির্বিভাগ	১৪২	১৪৮	৯৬	৯০

#### চক্ষু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৯/২০১৩	১৭৪	১৫০	৩২৪
মধুপুর, টাঙ্গাইল	১৫/৯/২০১৩	১২৮	৯০	২১৮
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/১০/২০১৩	৯৮	৭৩	১৭১
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/১১/২০১৩	১৬৫	১৪১	৩০৬
মধুপুর, টাঙ্গাইল	১৬/১১/২০১৩	১০৩	৯৫	১৯৮
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/১২/২০১৩	৬৫	৫৪	১১৯
মধুপুর, টাঙ্গাইল	১৫/১২/২০১৩	৪৪	৩০	৭৪

### Vaccination Programme

	September	October	November	December
Pantavalent	276	322	303	240
Polio	376	0	409	240
T.T	141	49	92	72
Measles	62	37	50	53
B.C.G	129	130	134	101
Robela	100	79	106	66
Vita- A Cap	0	51	0	26

### Patient Admitted in Hospital

	September	October	November	December
Admission	3455	2916	3379	2971

### Out Patient

	September	October	November	December
	20322	17091	18589	16670

### Patient Death in Hospital

	September	October	November	December
	48	54	55	50

### Operation

#### Surgery

	September	October	November	December
Major	52	26	32	29
Minor	47	12	51	48

#### Orthopaedics

	September	October	November	December
Major	30	22	30	28
Minor	67	80	83	79

#### E.N.T.

	September	October	November	December
Major	35	11	30	25
Minor	12	5	6	3

#### Gynae

	September	October	November	December
Major	33	21	35	29
Minor	34	17	47	35

#### Obstetrics

	September	October	November	December
Major	94	112	141	135
Minor	129	150	157	149

#### Eye Camp

	September	October	November	December
Eye Operation				
Total	434	146	307	299

#### Dental

	September	October	November	December
Operation Dental				
Major	28	10	26	20
Minor	74	63	13	10

	September	October	November	December
Minor Operation				
Out Patient	142	148	96	90

#### Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria, Mymensingh	7/9/2013	174	150	324
Modhupur, Tangail	15/9/2013	128	90	218
Fulbaria, Mymensingh	7/10/2013	98	73	171
Fulbaria, Mymensingh	7/11/2013	165	141	306
Modhupur, Tangail	16/11/2013	103	95	198
Fulbaria, Mymensingh	7/12/2013	65	54	119
Modhupur, Tangail	15/12/2013	44	30	74




## Ranada Prasad Shaha University

*Unleash your potential and achieve your best.....*



[www.rpsu.edu.bd](http://www.rpsu.edu.bd)

Campus : Shitalakhya, Narayanganj  
Hot Line: 01938 809 909



## RANADA PRASAD SHAHA UNIVERSITY

*- an institution of Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd.*

Kumudini Welfare Trust is proud to announce the opening of Ranada Prasad Shaha University, the first ever university in the city of Narayanganj named after its founder Rai Bahadur Ranada Prasad Shaha. The campus is located on own land. The Trust has over 80 yrs of experience in running premier educational institutions. Some of the institutions founded by the Trust are: Bharateswari Homes, Kumudini Women's Medical College, Kumudini Nursing Institute & College, Kumudini Women's Degree College and Debendra College.

### Admission in Undergraduate Programs

**BS Computer Science & Engineering**

**BBA Business Administration**

**BS Electrical & Electronic Engineering**

**LLB Law and Human Rights**